# Times Today BD

রেজাউল করিম লিটন | রাজনীতি | 21 June, 2025

বাংলাদেশ জামায়াতে ইসলামীর জীবননগর উপজেলায় সীমান্ত ইউনিয়নে  কর্মী সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার বিকাল ৪ টায় করতোয়া মাধ্যমিক বিদ্যালয় মাঠে সীমান্ত ইউনিয়ন আমীর মাওলানা আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে কর্মী সমাবেশে  প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর চুয়াডাঙ্গা জেলা আমীর অ্যাডভোকেট রুহুল আমীন।

সমাবেশে বক্তৃতায় জেলা আমীর রুহুল আমীন বলেন, ইসলাম ধর্ম-বর্ণ নির্বিশেষে সকল মানুষের জীবনমান উন্নয়নে বিশ্বাস করে। বাংলাদেশের নাগরিক হিসেবে দেশের সকল মানুষের অধিকার সমান।জামায়াতে ইসলামী দেশ পরিচালনার সুযোগ পেলে দেশের আপামর জনগণের জীবনমান উন্নয়নে কাজ করবে।সমাজের সকল স্তরে ন্যায় ভিত্তিক অধিকার নিশ্চিত করা হবে।যার যা প্রাপ্য সেটা তার হাতে পৌছে দেয়া হবে।এজন্য কোন নেতার দ্বারে দ্বারে ঘুরে বেড়াতে হবেনা।তিনি আরো বলেন, সামাজিক ন্যায় বিচার নিশ্চিত করার মাধ্যমে ন্যায্যতার ভিত্তিতে জনগণের অধিকার প্রতিষ্ঠা করা হবে।

তিনি আরো বলেন, শুধু দুনিয়ায় নয় আখেরাতের শান্তির জন্য জামায়াতের কর্মিরা কাজ।আরা জনগণের মুক্তির জন্য জামায়াতে এসেছি। এদেশের মানুষের অধিকার ফিরিয়ে দিতে আমরা জামায়াত করি।মানুষের হক প্রতিষ্ঠায় জামায়াতের বিকল্পনেই।এ সংগঠনের মানুষ টাকার কাছে বিক্রি হয়না, তাদেরকে টাকা দিয়ে কেনা যায়না।টাকার জন্য জামায়াতে ইসলামীর কর্মিরা রাজনীতি করেনা।

তিনি আরো বলেন, কলিজায় আল্লাহর ভয়ের কারণে আমরা এ সংগঠন করি।জামায়াত সহাবস্থানে বিশ্বাসী।তিনি জনগনকে উদ্দেশ্য করে বলেন, আপনি সততার পক্ষে থাকলে আপনাকে বলতেই হবে জামায়াত ইসলামী একটি আদর্শবাদী সংগঠন।কেননা তারা হাট-বাজার দখল করেনা, খাল-বিল দখল করেনা।তিনি বলেন, আজ দেশের সম্পদ মাত্র ১০ ভাগ লুটেরাদের হাতে জিম্মি।আমরা এর বিরোধীতা করি।আমরা বেগম পাড়ার বিপক্ষে, টাকা পাচারের বিপক্ষে।সবাই মিলে সৎ লোকের শাসন  কায়েম করি তাহলে চাকুরির জন্য কারো দ্বারে দ্বারে ঘুরতে হবে না।আসুন  সবাই একসাথে এদেশকে গড়ে তুলি।

প্রধান অতিথি রুহুল আমিন বলেন, এখন থেকে প্রতিটি অন্যায় কাজের প্রতিবাদ করতে হবে।কোন অন্যায়কে আর মেনে নেয়া হবেনা।যেখানে অন্যায় অবিচার সেখানে প্রতিরোধ করতে হবে।চাঁদাবাজ- দূর্নীতিবাজদের রুখে দিতে যুব জামায়াতের কর্মীদের সদা প্রস্তুত থাকতে হবে। এখন থেকে আর কাউকে সরকারি গাছ চুরি করে কাটতে দেবনা।ইচ্ছে করলেই কাউকে আর হাট-ঘাট জবর দখল করতে দেওয়া হবে না। সকল অপকর্মের দাঁতভাঙ্গা জবাব দেওয়া হবে।তিনি আরো বলেন, সকল অপশক্তির মোকাবেলায় জেগে থাকতে হবে।অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা সেক্রেটারি এডভোকেট আসাদুজ্জামান, জেলা প্রশিক্ষন সম্পাদক জিয়াউল হক, জেলা মাজলিসুল মুফাসসিরিন পরিষদের সভাপতি মাওলানা হাফিজুর রহমান, জেলা পেশাজীবি পরিষদের সভাপতি সহকারি অধ্যাপক খলিলুর রহমান, জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মাহফুজুর রহমান, জীবননগর উপজেলা আমীর মাওলানা সাজেদুর রহমান, নায়েবে আমীর হাফেজ বিল্লাল হোসেন, জীবননগর উপজেলার সেক্রেটারি সাখাওয়াত হোসেন, সহকারী সেক্রেটারি মাওলানা আবু বকর, মাওলানা সাইদুল হক,

উপজেলা উলামা বিভাগের সভাপতি মাওলানা আল আমিন, আইটি সম্পাদক হারুন অর রশিদ, উপজেলা যুব বিভাগের সভাপতি মাজেদুর রহমান লিটন, পৌর আমির মাওলানা ফিরোজ হোসেন প্রমুখ।এছাড়া বাদ মাগরিব মিনাজপুর বাজারে ২নং ওয়ার্ড জামায়াতে ইসলামীর অফিস উদ্বোধন কারে তিনি বলেন, জামায়াততে ইসলামী যেখানে হাত দেয় সেটাই সোনা হয়্।আমরা সোনার মানুষ তৈরী করতে কাজ করি । আগামী জাতীয় সংসদ নির্বাচনে দলমত নির্বিশেষে ভোট দিয়ে জামায়াতের প্রার্থীকে নির্বাচিত করুন।আমরা আপনার আমানত রক্ষা করবো। এসময় জেলা ও উপজেলা নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ জামায়াতে ইসলামী কর্মী সমাবেশ চুয়াডাঙ্গা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 25 June, 2025 22:47

URL: https://timestodaybd.com/politics/3517775807